কিশোরগঞ্জে ভূমি অফিসের পিয়নকে কুপিয়ে হত্যা

কিশোরগঞ্জ হাওরের ইটনা উপজেলায় মেরাজ মিয়া (৫০) নামে এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষের লোকজন। গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে উপজেলার এলংজুরী বাজারে এ ঘটনা ঘটে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে চারজনকে আটক করা হয়েছে।

নিহত মেরাজ মিয়া উপজেলার এলংজুরী ইউনিয়নের এলংজুরী গ্রামের মৃত আব্দুল জব্বারের ছেলে। সে ভূমি অফিসের অফিস সহায়ক (পিয়ন) পদে কর্মরত ছিলেন। ইটনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মুর্শেদ জামান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

পুলিশ ও স্থানীয়রা জানান, শুক্রবার সন্ধ্যায় বাজারে মালামাল কিনতে যান মেরাজ মিয়া। এসময় প্রতিপক্ষের লোকজন দেশীয় অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে মেরাজ মিয়াকে গুরুতর জখম করে। তাকে উদ্ধার হাসপাতালে পাঠালে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।